# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান— ৭০

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১ ৫ ০

### সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** আন্তর্জাতিক একটি সংগঠনের এক অনুষ্ঠানে যোগ দিতে বিশ্বের অনেক দেশ থেকেই অতিথিবৃন্দ ঢাকায় এসেছে। বক্তৃতার মঞ্চে দাঁড়িয়ে নিজ দেশের পরিচয় দেন জনাব রাকেশ কুমার এভাবে- "আমি এমন দেশের নাগরিক যে দেশ আপনাদের স্বাধীনতা যুদ্ধে সরাসরি সমর্থন জানায় এবং আপনাদের খুব নিকটে আমাদের দেশ অবস্থিত। এ সমর্থনের কারণে আপনাদের শত্রু আমার দেশেও বিমান হামলা চালায়।"

ক. বাংলাদেশের মুক্তিযুদ্ধকে কী নামে আখ্যা দেয়া হয়েছে? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. রাকেশ কুমারের দেশটি বাংলদেশের মুক্তিযুদ্ধের ক্ষেত্রে যে ভূমিকা রেখেছিল তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর রাকেশ কুমারের দেশের মতো সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলো বাংলাদেশের মুক্তিযুদ্ধে বিশেষ ভূমিকা পালন করেছিল? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

**২.▶** যুদ্ধ বিধ্বস্ত রাষ্ট্রকে পুনর্গঠনের সঠিক দায়িত্ব নিয়েই যাত্রা শুরু করেন 'ক' রাষ্ট্রের মহান নেতা জনাব রহমান সাহেব। প্রথমেই তিনি রাষ্ট্র পরিচালনার মূল দলিল তৈরি করেন। তাঁর দলিলটি ছিল 'ক' রাষ্ট্রে স্বকীয় বৈশিষ্ট্যে মহিমান্বিত। তার অন্যান্য কার্যাবলির সাথে অর্থনৈতিক পাঁচশালা পরিকল্পনা শোষণহীন সমাজ গঠনে কার্যকর ভূমিকা পালন করে।

ক. কোন দেশ ছিল বহির্বিশ্বে মুক্তিযুদ্ধের পক্ষে প্রচারের প্রাণ কেন্দ্র? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে নারীর ভূমিকা ছিল গৌরবোজ্জ্বল— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মহান নেতার কার্যাবলির সাথে তোমার রাষ্ট্রের কোন মহান নেতার কার্যাবলির মিল রয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর তোমার রাষ্ট্রের মহান নেতার রাষ্ট্র পরিচালনার মূল দলিলটি রাষ্ট্রে স্বকীয় বৈশিষ্ট্যে মহিমান্বিত? বিশ্লেষণ কর। ৪

**৩.▶**




ক. সূর্যের উত্তরায়নের শেষ দিন কত তারিখ? ১

http://teachingbd.com

খ. 'বুধ সৌরজগতের ক্ষুদ্রতম এবং সূর্যের নিকটতম গ্রহ'— ব্যাখ্যা কর। ২
গ. প্রথম স্তরের উপরিভাগ সৃষ্টির প্রক্রিয়া পাঠ্য বই এর আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রথম স্তরকে ঘিরে আবর্তিত অদৃশ্য গ্যাসীয় আবরণটি পৃথিবীকে প্রাণিজগতের বসবাস উপযোগী করেছে।" বিশ্লেষণ কর। ৪

**৪.▶**

| অঞ্চল | মৃত্তিকা | বনজ সম্পদ |
|---|---|---|
| A | ধূসর ও লালচে | শাল, বড়ই, বহেরা |
| B | পলি ও কর্দম | সুন্দরি, গেওয়া, ধুন্দল |

ক. 'কোন ধরনের সম্পদ' অর্থনৈতিক উন্নয়নে পথ ত্বরান্বিত করে? ১
খ. 'সিসমিক রিস্ক জোন' বলতে কী বোঝায়? ২
গ. 'A' চিহ্নিত অঞ্চলটির সাথে বাংলাদেশের কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উভয় অঞ্চলই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৫.▶** দৌলতপুর গ্রামে রয়েছে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়। বিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং নিজেরাও যেন গ্রামে নিরাপদে সুস্থ সুন্দরভাবে বসবাস করতে পারেন এর জন্য জেলা প্রশাসকের কাছে তার চৌকিদারের সাথে কয়েকজন পুলিশের জন্য আবেদন করেন। জেলা প্রশাসক তাদের আবেদন মঞ্জুর করেন।

ক. রাষ্ট্র সম্পর্কে অধ্যাপক গার্নারের সংজ্ঞাটি লেখ। ১
খ. আইনের বৈশিষ্ট্যগুলো কী কী? ২
গ. দৌলতপুর গ্রামে পুলিশ নিয়োগ রাষ্ট্রের কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. একটি রাষ্ট্রের শান্তিরক্ষায় উক্ত কাজটির ভূমিকাই কি যথেষ্ট? বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

**৬.▶** বিশ্বব্যাপী সহযোগিতা ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ রক্ষার উদ্দেশ্যে যে প্রতিষ্ঠানটি গড়ে উঠেছে বাংলাদেশ সে প্রতিষ্ঠানটির একজন সদস্য। প্রতিষ্ঠানটি প্রতিটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে এবং আন্তর্জাতিক শান্তির জন্য একটি মিশন গঠন করে। যে মিশনে ভূমিকা রেখে বাংলাদেশ মডেল হিসেবে পরিচিতি পেয়েছে।

ক. 'লীগ অব নেশনস' কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. আন্তর্জাতিক আদালত প্রতিষ্ঠার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতিতে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. "বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠার মডেল হিসেবে এবং শান্তিপ্রিয় জাতি হিসেবে বাংলাদেশ পরিচিতি পেয়েছে।" উক্তিটির ব্যাখ্যা দাও। ৪

**৭.▶** সম্পা ও সায়লা পড়াশোনা শেষ করে চাকরিতে যোগ দিয়েছেন। দুজনই ব্যাংকে কর্মরত। সম্পার ব্যাংকে জনসাধারণের অর্থ গচ্ছিত রাখে, ঋণ দেয় এবং মুনাফা অর্জনই এ ব্যাংকের মূল উদ্দেশ্য। সায়লা যে ব্যাংকে কর্মরত সে ব্যাংক সরকারের ঋণ পরিশোধ, পাওনা আদায় করে এবং অন্য ব্যাংকের ঋণদান ক্ষমতা নিয়ন্ত্রণ করে।

ক. সরকারি অর্থ ব্যবস্থা কী? ১
খ. মিশ্র অর্থনীতি বলতে কী বোঝায়? ২
গ. সম্পা কোন ব্যাংকে চাকরি করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সায়লার ব্যাংকে ভূমিকা কী? বিশ্লেষণ কর। ৪

৮.▶

অভাব → প্রচেষ্টা → উৎপাদন → বণ্টন → ভোগ

ক. সম্পদ কত প্রকার? ১
খ. জাতীয় সম্পদের উৎসগুলো কী কী? ২
গ. উদ্দীপকে ভোগের জন্য কোন কর্মকাণ্ডটি সবচেয়ে গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমস্ত অর্থনৈতিক কর্মকাণ্ড অভাব কেন্দ্রিক– বিশ্লেষণ কর। ৪

৯.▶ রতনদের গ্রাম এখন আর রাত হলে অন্ধকার থাকে না। ঘরে ঘরে বৈদ্যুতিক আলো জ্বলে, টিভি চলে। পায়ে হেঁটে যাতায়াত করতে হয় না। যাতায়াতের যোগাযোগের অভাবনীয় পরিবর্তন হয়েছে। এ গ্রামের নারীরাও আজ আত্মনির্ভরশীল। তারা শিক্ষার আলো নিয়ে বিভিন্ন কর্মসংস্থানে নিয়োজিত রয়েছে।

ক. 'মানবীয় সম্পর্কের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন'- উক্তিটি কার? ১
খ. 'জনসংখ্যা বৃদ্ধি' বাংলাদেশের অন্যতম সমস্যা-ব্যাখ্যা কর। ২
গ. রতনদের গ্রামের পরিবর্তনে কোন কোন উপাদানগুলো ভূমিকা রেখেছে? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. রতনদের গ্রামের নারীদের আত্মনির্ভরশীল হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৪

১০.▶ ১০ বছর বয়সী খোকনকে স্কুল ছাড়িয়ে পারিবারিক অসচ্ছলতার কারণে তার বাবা তাকে একটি ইটের ভাটায় কাজ করার জন্য দেয়। এখানে কাজটি খুবই ঝুঁকিপূর্ণ যা তার জন্য হুমকি স্বরূপ।

ক. গোষ্ঠী জীবনে প্রথম ধাপ কী? ১
খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যে বিষয়টির ইঙ্গিত রয়েছে তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি প্রতিরোধে বাংলাদেশের প্রেক্ষাপটে গৃহীত পদক্ষেপের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১১.▶ পত্রিকার পাতায় চোখ রাখলেই দেখা যায়, স্কুল ছাত্রীর প্রতি এসিড নিক্ষেপ, যৌতুকের জন্য স্ত্রীকে হত্যা, মেয়েদের নিরাপত্তাহীনতা ইত্যাদিসহ নানা বিষয়াবলি। আমাদের দেশে এ ধরনের ঘটনা নারী জাতির প্রতি আমাদের দায়িত্বহীনতা আর অবহেলার পরিচয় বহন করে। অথচ দেশের অর্ধেক জনসংখ্যাই নারী।

ক. কত সালে বিশ্বে প্রথম এইচআইভি রোগী সনাক্ত করা হয়? ১
খ. "দুর্ঘটনা এড়াতে আমাদের সচেতন হওয়া উচিত" বুঝিয়ে লেখ। ২
গ. নারীর প্রতি উক্ত আচরণের প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. নারীর প্রতি উক্ত আচরণ প্রতিরোধে রয়েছে কিছু পদক্ষেপ- পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কত সালে পাকিস্তানের সংবিধানে বাংলা ভাষাকে অন্তর্ভুক্ত করা হয়?**
ক ১৯৫২ সালে খ ১৯৫৩ সালে
গ ১৯৫৪ সালে ঘ ১৯৫৬ সালে

**২. কত হাজার মেম্বারের ভোটে আইয়ুব খান প্রেসিডেন্ট নির্বাচিত হন?**
ক ৮০ হাজার খ ৭০ হাজার
গ ৪০ হাজার ঘ ৩০ হাজার

**৩. ১৯৪৮ সালে পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী কে ছিলেন?**
ক শামছুল হক খ খাজা নাজিমুদ্দীন
গ আলি আহাদ ঘ ধীরেন্দ্রনাথ দত্ত

**৪. কখন শফিউরের পিতা ছাত্র-জনতার নির্মিত প্রথম শহিদ মিনার উদ্বোধন করেন?**
ক ২১শে ফেব্রুয়ারি, ১৯৫৩
খ ২১শে ফেব্রুয়ারি, ১৯৫২
গ ২২শে ফেব্রুয়ারি, ১৯৫২
ঘ ২৩শে ফেব্রুয়ারি, ১৯৫২

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**

১৭৭৮ থেকে ১৭৯৯ সাল পর্যন্ত ফ্রান্সের নানা উত্তাল ঘটনাধারা 'ফরাসি বিপ্লব' নামে পরিচিত। ১৭৮৯ সালের ১৪ই জুলাই বাস্তিল দুর্গ আক্রমণ ও দখলের মাধ্যমে ১৪ই জুলাই জনগণের বিপ্লবী অভ্যুত্থান জয়যুক্ত হয়।

**৫. অনুচ্ছেদে আলোচিত ঘটনার সাথে কোনটি সাদৃশ্যপূর্ণ?**
ক ঐতিহাসিক আগরতলা
খ ৬৯-এর গণঅভ্যুত্থান
গ ৬৮-এর গণঅভ্যুত্থান
ঘ ৭০-এর গণঅভ্যুত্থান

**৬. অনুচ্ছেদে আলোচিত ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ বাংলাদেশের ঘটনায়—**
i. শামসুজ্জোহা ও আসাদ নিহত হন
ii. শামসুজ্জোহা ও শফিউর নিহত হন
iii. বিপ্লবাত্মক রূপ পরিলক্ষিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. খাসিয়া ও গারোদের পরিবারে কর্তৃত্বের ভার কার হাতে থাকে?**
ক পিতার হাতে খ মায়ের হাতে
গ বয়স্ক ব্যক্তির হাতে ঘ স্বামীর হাতে

**৮. পরিবার শিশুকে—**
i. দৈহিক প্রয়োজন পূরণে সহায়তা করে
ii. বাইরের জগতের পরিচিতি দান করে
iii. বাঞ্ছিত আচরণ অর্জনে সহায়তা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৯. কোন কোন গ্রহের মাঝে গ্রহাণুপুঞ্জ বিদ্যমান?**
ক মঙ্গল ও পৃথিবী খ মঙ্গল ও বৃহস্পতি
গ বৃহস্পতি ও শনি ঘ শনি ও ইউরেনাস

**১০. ২৩.৫° দক্ষিণ অক্ষাংশকে কী বলা হয়?**
ক কর্কটক্রান্তি খ মকরক্রান্তি
গ সুমেরুবৃত্ত ঘ কুমেরুবৃত্ত

**১১. জোয়ার ভাটার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব রয়েছে—**
i. স্থলভাগের ওপর
ii. জলভাগের ওপর
iii. বায়ুমণ্ডলের ওপর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১২. পানিবিদ্যুৎ কেন্দ্র ও চট্টগ্রাম বন্দরের জন্য কোন নদীর গুরুত্ব সর্বাধিক?**
ক তিস্তা খ কর্ণফুলী
গ পদ্মা ঘ মেঘনা

**১৩. নিচের কোন নদীটি সুন্দরবনের ভিতর দিয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে?**
ক পশুর খ ফেনী
গ সাঙ্গু ঘ মাতামুহুরী

**১৪. সামাজিক জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ রাজনৈতিক প্রতিষ্ঠান কোনটি?**
ক সরকার খ রাজনৈতিক দল
গ রাষ্ট্র ঘ নির্বাচন কমিশন

**১৫. রাষ্ট্রের আইন কীসের মাধ্যমে প্রণীত হয়?**
ক আইনসভার খ প্রথার
গ রীতিনীতি ঘ সংবিধান

**১৬. প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?**
ক আইনমন্ত্রী খ প্রধানমন্ত্রী
গ রাষ্ট্রপতি ঘ স্পিকার

Teachingbd.com

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

আনিস সাহেব ইউনিয়নে অবস্থিত কৃষি, স্বাস্থ্য, মৎস্য, পশুপালন ও শিক্ষাবিষয়ক বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার সেবা ও কার্যক্রম সম্পর্কে জনগণকে অবহিত করেন।

**১৭. তিনি সরকারের ইউনিয়ন পরিষদের কোন দায়িত্বে আছেন?**

ⓚ চেয়ারম্যান ⓚh সদস্য

ⓖ চৌকিদার ⓖh দফাদার

**১৮. অনুচ্ছেদে উল্লিখিত কাজগুলো ইউনিয়ন পরিষদের যে ধরনের কার্যাবলির অন্তর্ভুক্ত—**

i. জনকল্যাণমূলক
ii. সেবামূলক
iii. জনশৃঙ্খলামূলক

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. অবিভক্ত পাকিস্তানের প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?**

ক ১৯৭০ সালে খ ১৯৬৮ সালে

গ ১৯৬০ সালে ঘ ১৯৫৬ সালে

**২০. গণতন্ত্রে দেখা যায় বহু—**

i. পরস্পরবিরোধী মত
ii. পরস্পর বিরোধী ধারণা
iii. উন্নয়ন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

**২১. জাতিসংঘের কোন পরিষদকে 'বিতর্ক সভা' বলে অভিহিত করা যায়?**

ক সাধারণ পরিষদ খ অছি পরিষদ

গ নিরাপত্তা পরিষদ

ঘ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

**২২. ২০১৫ সালের মধ্যে বাংলাদেশের UNDP মিলেনিয়াম উন্নয়ন লক্ষ্যমাত্রা কয়টি?**

ক ৮টি খ ৬টি

গ ৪টি ঘ ২টি

**২৩. সাগর, মহাসাগর, বৈজ্ঞানিক আবিষ্কার, প্রযুক্তি এগুলো কোন ধরনের সম্পদ?**

ক ব্যক্তিগত সম্পদ খ সমষ্টিগত সম্পদ

গ জাতীয় সম্পদ ঘ আন্তর্জাতিক সম্পদ

**২৪. ধনতান্ত্রিক ব্যবস্থার প্রধান বৈশিষ্ট্য হচ্ছে—**

i. সম্পদের ব্যক্তি মালিকানা
ii. উৎপাদনের ক্ষেত্রে ব্যক্তির সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা
iii. ভোগের ক্ষেত্রে ব্যক্তির সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

**২৫. স্বাধীনতা পূর্ব বাংলাদেশের অর্থনীতির ইতিহাসকে কয়টি ভাগে ভাগ করা যায়?**

ক চারটি খ পাঁচটি

গ তিনটি ঘ দুটি

**২৬. মোট জাতীয় উৎপাদনের উপাদান—**

i. জমি
ii. শ্রম
iii. মূলধন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

**২৭. গ্রামীণ নারীশিক্ষাকে এক ধাপ এগিয়ে নিয়ে গেছে কোনটি?**

ক অবৈতনিক শিক্ষা খ জনসচেতনতা

গ উপবৃত্তি প্রকল্প

ঘ আর্থ সামাজিক ব্যবস্থার উন্নয়ন

**২৮. সরকারি চাকরিতে কর্মরত নারীদের মাতৃত্বকালীন ছুটির গেজেট প্রকাশিত হয়—**

ক ১১ জানুয়ারি, ২০১১

খ ১১ জানুয়ারি, ২০১০

গ ১২ জানুয়ারি, ২০১২

ঘ ১২ জানুয়ারি, ২০১২

**২৯. কখন কিশোর শ্রমিককে দিয়ে কাজ করানো যাবে না?**

ক সন্ধ্যা ৭টা-ভোর ৭টা

খ সকাল ৭টা-সন্ধ্যা ৭টা

গ সকাল ৮টা-বিকাল ৪টা

ঘ বিকাল ৩টা-সন্ধ্যা ৭টা

**৩০. কোনটি সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান?**

ক শিক্ষা খ যোগাযোগ

গ প্রযুক্তি ঘ শিল্পায়ন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | ক | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ক |

http://teachingbd.com